যুগান্তর

তারিখ ... 8 JUL 2012 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ .....

গণিত ও উচ্চতর গণিত বিষয়েও সৃজনশীল পদ্ধতি চালু হবে : শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

মাধ্যমিক স্তরে গণিত ও উচ্চতর গণিত বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি চালুর লক্ষ্যে জাতীয় কর্মশালা শুরু হয়েছে। শনিবার রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীর (নায়েম) সভাকক্ষে ওই কর্মশালায় দেশের বিশিষ্ট গণিতবিদ, ছড়াও বিভিন্ন স্কুল ও কলেজের গণিত শিক্ষকরা যোগদান করেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ওই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন। এ সময় তিনি বলেন, সৃজনশীল শিক্ষা পদ্ধতি ইতিবাচক ফলাফল দিতে শুরু করেছে। ছাত্রছাত্রী-শিক্ষক-অভিভাবক মহলে এ সম্পর্কিত ভীতি কেটে গেছে। মাধ্যমিক স্তরে এ পর্যন্ত ২১টি বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি চালু হয়েছে। তারই ধারাবাহিকতায় গণিত ও উচ্চতর গণিত বিষয়েও এ পদ্ধতি চালুর উদ্যোগ নেয়া হল। নয়া এ পদ্ধতি প্রবর্তনের দায়িত্বপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষাখাত উন্নয়ন প্রকল্পের (এসইএসডিপি) আয়োজনে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক নোমান উর রশীদ সভাপতিত্ব করেন। কর্মশালায় অন্যদের মধ্যে শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, অতিরিক্ত সচিব মোঃ ইকবাল খান চৌধুরী, নায়েমের মহাপরিচালক অধ্যাপক ইকরামুল কবির, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিশেষজ্ঞ অধ্যাপক মোনাদাদ খান, প্রকল্প পরিচালক যুগ্ম সচিব রতন কুমার রায় বক্তৃতা করেন। শিক্ষামন্ত্রী বলেন, ২০১০ সাল থেকে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি চালু করা হয়েছে। প্রথম দিকে সংশ্লিষ্ট অনেকেই অসন্তুষ্ট হলেও শিক্ষার্থীদের গুণগতমান, ফলাফল ইত্যাদির পরিবর্তন ঘটায় এখন তারা খুশি। নকল করে পাস করা আর মুখস্থ বিদ্যার খোলস থেকে বেরিয়ে আসার লক্ষ্য থেকেই এ পদ্ধতি চালু হয়েছে। এরই মধ্যে সারাদেশে মোয়া তিন লাখ শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হয়েছে। তিনি বলেন, প্রশিক্ষণের যথোপযুক্ত প্রয়োগ করে সৃজনশীল পদ্ধতিতে পাঠদান প্রদান ও সৃজনশীল প্রশ্ন প্রণয়ন নিয়ে এখনও কিছু প্রশ্ন থাকতেই পারে। তবে কোন কিছু শুরু না করলে তো তার উন্নয়ন সম্ভব নয়। অভিজ্ঞতার ওপর ভিত্তি করেই আগামী দিনগুলোতে সব সীমাবদ্ধতা কাটিয়ে ওঠা সম্ভব হবে। তিনি বলেন, শুধু প্রশ্ন প্রণয়নে সৃজনশীল পদ্ধতি চালু করলেই হবে না— পাঠদানসহ পুরো শিক্ষা ব্যবস্থায় সৃজনশীলতার ছাপ রাখতে হবে। তিনি গণিত অলিম্পিয়াডের মতো সৃজনশীল বিষয়ে সরকারের সহযোগিতা করার ওপর গুরুত্বারোপ করেন।